দৈ●িক বাংলা

135

তারিখ 0 6 DEC 1991
পৃষ্ঠা 2 কলাম 5

৭

# ক্যাম্পাসে সন্ত্রাসীদের ধরতে অনুমতি লাগবে না

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ক্যাম্পাসে সন্ত্রাসীদের বিরুদ্ধে অভিযান চালানোর আগে পুলিশকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছ থেকে কোন অনুমতি নিতে হবে না।

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## ক্যাম্পাসে সন্ত্রাসীদের

(প্রথম পৃঃ পর)

বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয় প্রভোস্ট কমিটির সভায় গৃহীত এক সিদ্ধান্তে একথা বলাহয়।

প্রফেসর মনসুর মূসার সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় বিভিন্ন হলের প্রভোস্টগণ উপস্থিত ছিলেন।

সভায় গৃহীত সিদ্ধান্তে বলা হয়, সাধারণ ছাত্র-শিক্ষক-কর্মচারীদের নিরাপত্তা বিধানের জন্য এবং সন্ত্রাস প্রতিহত করার লক্ষ্যে আইন শৃঙ্খলা রক্ষাকারী কর্তৃপক্ষ অনুমতি ছাড়াই যথোপযুক্ত পদক্ষেপনিতেপারবেন।

সভায় সিদ্ধান্ত নেয়া হয় যে, কোন আবাসিক ছাত্র যদি অস্ত্রধারী বা বহিরাগতদের আশ্রয় দেয় তবে সেই ছাত্রের আবাসিকতা বাতিল করা হবে। ছাত্র-ছাত্রীদেরকে তাদের পরিচয়পত্র সঙ্গে রাখার জন্য সভায় পরামর্শ দেয়া হয়।